

₹ ১০০



₹ ১০০

## একশত টাকা

করা ৭২৩৮৩৭৮

### চুক্তিপত্র

এই চুক্তিপত্র ২০১৬ খ্রিষ্টাব্দের জুন মাসের ১৬ তারিখে নিম্নোক্ত পক্ষদ্বয়ের মধ্যে সম্পাদিত হলো।

প্রথম পক্ষ: ইউনিয়ন পরিষদ (চেয়ারম্যান)

১। জনাব আব্দুল মতলব, গ্রাম:বিলছড়ি পশ্চিম পাড়া, ইউনিয়ন : বমু বিলছড়ি, ডাকঘর : লামা,  
উপজেলা : চকরিয়া, জেলা : কক্সবাজার।

দ্বিতীয় পক্ষ : ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ

১। জনাব মোঃ আব্দুল মান্নান, গ্রাম:বিলছড়ি পশ্চিম পাড়া, ইউনিয়ন : বমু বিলছড়ি, ডাকঘর : লামা,  
উপজেলা : চকরিয়া, জেলা : কক্সবাজার।

[চেয়ারম্যান ও উদ্যোক্তা পরিবর্তন হলে তাদের স্ব-স্ব প্রতিনিধিদের উপর এই চুক্তিনামার শর্তাবলী প্রযোজ্য হবে]

### চুক্তির শর্তসমূহ

- ১। প্রথম পক্ষ ইউনিয়ন পরিষদ ডিজিটাল সেন্টার স্থাপনের জন্য পরিষদ ভবনে একটি উপযুক্ত কক্ষ, প্রয়োজনীয় উপকরণ ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবে। পরিষদের ভবন তৈরি না হয়ে থাকলে নিকটস্থ কোন ভবনে কক্ষ ভাড়া করে ডিজিটাল সেন্টার স্থাপন করা যাবে। ইউনিয়ন পরিষদ এ ভাড়া পরিশোধ করবে।
- ২। প্রথম পক্ষ ইউনিয়ন পরিষদ ডিজিটাল সেন্টারে নতুন নতুন সেবা যুক্ত করার ক্ষেত্রে উদ্যোক্তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।
- ৩। প্রথম পক্ষ ইউনিয়ন পরিষদ ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা নির্বাচন করবে। নির্বাচিত উদ্যোক্তাকে উপজেলা নির্বাহী কর্মকর্তা নিয়োগ প্রদান করবে। তবে যে সকল উদ্যোক্তা দীর্ঘদিন ধরে কর্মরত আছে তাদেরকে বহাল রাখতে হবে। উদ্যোক্তা পরিবর্তনের ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। উদ্যোক্তা উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসকের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে স্থানীয় সরকার বিভাগের নিকট আপীল আবেদন করতে পারবে। উদ্যোক্তার আপীল আবেদন স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নিষ্পত্তি হবে। নতুন উদ্যোক্তা নিয়োগের ক্ষেত্রে বিকল্প উদ্যোক্তা হিসেবে কর্মরত উদ্যোক্তা অগ্রাধিকার পাবেন।
- ৪। প্রথম পক্ষ ইউনিয়ন পরিষদের সাথে উদ্যোক্তার এই চুক্তির মেয়াদ হবে পাঁচ বছর।




কব ৭২০৮৩৭১

পাতা-০২


- ৫। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা ডিজিটাল সেন্টার পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় বিনিয়োগ নিশ্চিত করবে। ডিজিটাল সেন্টারের উপকরণ রক্ষণাবেক্ষণ ও মেরামতের ব্যবস্থা করবে।
- ৬। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা স্থানীয় পর্যায়ের বানিজ্যিক সেবার চাহিদা নির্ধারণ, যুক্তকরণ এবং সেবা সম্পর্কে প্রচার প্রচারণামূলক কর্মসূচি পরিচালনা করবে।
- ৭। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা দৈনিক সেবা প্রদানের তথ্য ও আয়-ব্যয়ের হিসাব ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে (ডিসিএমএস) নিয়মিত আপলোড করবে।
- ৮। দ্বিতীয় পক্ষ ডিজিটাল সেন্টার ব্লগের সদস্য হয়ে নিয়মিত অন্যান্য উদ্যোক্তাদের সাথে যোগাযোগ রক্ষা করবে। ব্লগে ডিজিটাল সেন্টারের সফলতা, সম্ভাবনা ও চ্যালেঞ্জ সম্পর্কে আলোচনা করবে এবং অন্য উদ্যোক্তাদের সহযোগিতা নিয়ে ডিজিটাল সেন্টারকে একটি শক্তিশালী প্রতিষ্ঠানে পরিণত করতে উদ্যোগী হবে।
- ৯। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা বিদ্যুৎ ও অন্যান্য সার্ভিসের মাসিক বিল পরিশোধ যথাযথ কর্তৃপক্ষকে নিয়মিত পরিশোধ করবে।
- ১০। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা কোন বেতনভুক্ত কর্মচারী হবে না। ডিজিটাল সেন্টার থেকে সেবা প্রদান করে উপার্জিত অর্থ উদ্যোক্তার আয় হিসেবে গণ্য হবে। এই আয় পুরুষ ও নারী উদ্যোক্তার মধ্যে সমভাবে বন্টিত হবে।
- ১১। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা পরিবর্তন হলে বিকল্প উদ্যোক্তা ডিজিটাল সেন্টাল পরিচালনা করবে।
- ১২। ডিজিটাল সেন্টার বিষয়ে সরকারের নির্দেশনা ইউনিয়ন পরিষদ ও উদ্যোক্তা যথাযথভাবে পালন করবে।
- ১৩। প্রথম পক্ষ ইউনিয়ন পরিষদ এবং দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র এবং এটুআই প্রকল্প কর্তৃক প্রণীত ডিজিটাল সেন্টার পরিচালনা নীতিমালার আলোকে কার্যক্রম বাস্তবায়ন করবে।
- ১৪। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা কোন প্রকার রাষ্ট্রবিরোধী কার্যক্রমের সাথে যুক্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী স্থানীয় প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের স্বাক্ষর ও তারিখ:


উদ্যোক্তার স্বাক্ষর ও তারিখ:

  
২৪/১১/১৭

১। 

  
১২/১১/১৭

উপপরিচালক (প্রশাসনিক) এর স্বাক্ষর ও তারিখ:

  
উপ-পরিচালক, স্থানীয় সরকার  
কক্সবাজার।

চলমান পাতা- ০৩

৳ ১০০



৳ ১০০

একশত টাকা

করা ৭২৩৮৩৮০

পাতা- ০৩

## অঙ্গীকারনামা

আমি আব্দুল মতলব, চেয়ারম্যান ০৪নং বমু বিলছড়ি ইউনিয়ন পরিষদ, চকরিয়া উপজেলা, কক্সবাজার জেলা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, বমু বিলছড়ি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে কর্মরত পুরুষ উদ্যোক্তা জনাব মোঃ আব্দুল মান্নানকে বর্তমান ইউনিয়ন ডিজিটাল সেন্টারে বহাল রাখিব এবং তাদের কার্যক্রম পরিচালনায় সার্বিক সহায়তা প্রদান করিব।

স্বাক্ষর

নাম: আব্দুল মতলব

চেয়ারম্যান

বমু বিলছড়ি ইউনিয়ন পরিষদ

চকরিয়া উপজেলা

কক্সবাজার জেলা।

আমার উপস্থিতিতে এই অঙ্গীকার প্রদান করা হয়েছে

উপপরিচালক(স্থানীয় সরকার) এর স্বাক্ষর ও তারিখ

এ.এফ.এম. আলীউদ্দিন খান  
(উপ-সচিব)  
উপ-পরিচালক, স্থানীয় সরকার  
কক্সবাজার।